

### 3 (Sem-6/CBCS) BEN HC 2

2 0 2 3

BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-6026

( পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব ও সমালোচনা )

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) অ্যারিস্টটল বর্ণিত নাট্য ঐক্যসূত্রগুলি ব্যাখ্যা করে  
স্ক্যালিজার কোন্ গ্রন্থ রচনা করেছেন?

(খ) *Tradition and the Individual Talent*  
প্রবন্ধটি কার লেখা?

(গ) গ্যেটে কোন্ আন্দোলনের মুখপাত্র ছিলেন?

(ঘ) *The Victorian Temper* গ্রন্থটির রচয়িতার নাম  
হল—টি. এস. এলিয়ট/জে. সি. স্ক্যালিজার/জেরোম  
হ্যামিলটন বাকলে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঙ) ১৯২০ থেকে ১৯৩০-এর দশকে পরাবাস্তববাদ সাড়া ফেলেছিল—ভারতীয় সাহিত্যে/ফরাসি সাহিত্যে/জাপানি সাহিত্যে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(চ) কত খ্রিস্টাব্দে Champfleury-র *Le Réalisme* প্রকাশিত হয়?

(ছ) দান্তে রচিত কাব্যতত্ত্ব-বিষয়ক বিখ্যাত গ্রন্থটির নাম কী?

(জ) এডল্ফ টেইন-এর *Histoire de la littérature Anglaise* গ্রন্থের মোট খণ্ড সংখ্যা—পাঁচটি/সাতটি/দশটি।

(শুদ্ধ উত্তরটি লেখো)

(ঝ) বাংলা সাহিত্যের কোন লেখক শকুন্তলা, মিরন্দা ও দেসদিমোনাকে নিয়ে তুলনামূলক সমালোচনা করেছেন?

(ঞ) কোন শতকে লঞ্জাইনাস আবির্ভূত হন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

(ক) 'ক্লাসিসিজম'-এর অন্তর্গত দুটি বীরসাত্ত্বিক ট্রাজেডি-গ্রন্থের নাম লেখো।

(খ) ১৭৯৮ খ্রিস্টাব্দে কোন কাব্য-সংকলন প্রকাশের পরবর্তী সময়ে 'রোমান্টিসিজম' আন্দোলনের জন্মলগ্ন বলে চিহ্নিত করা হয়েছে? সংকলনটিতে কার কার কবিতা রয়েছে?

(গ) পরাবাস্তববাদের দুটি লক্ষণের নাম লেখো।

(ঘ) 'বাস্তববাদী' আন্দোলনের যে-কোনো দুজন পাশ্চাত্য নাট্যকারের নাম লেখো।

(ঙ) দান্তের জন্ম ও মৃত্যুর কাল উল্লেখ করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

(ক) উদাহরণসহ ক্লাসিসিজমের সংজ্ঞা দাও।

(খ) রোমান্টিসিজমের 'প্রকৃতি ও নিসর্গপ্রেমিতি' সম্পর্কে আলোচনা করো।

(গ) বাস্তববাদী আন্দোলনের উদ্ভব ও বিকাশের কারণগুলি কী কী, সংক্ষেপে আলোকপাত করো।

(ঘ) পরাবাস্তববাদের আলোচনায় ফ্রেয়েডীয় মনস্তত্ত্বের 'ইদ', 'ইগো' এবং 'সুপার-ইগো' সম্পর্কে আলোচনা করো।

(ঙ) টীকা লেখো—ক্রোচে।

(চ) উদাহরণসহ তুলনামূলক সমালোচনার বিচার পদ্ধতি নিয়ে সংক্ষেপে আলোচনা করো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ৪ = ৪০$

(ক) 'নব্য-প্রুপদী' যুগের বৈশিষ্ট্য ও সাহিত্যচর্চার পরিচয় দাও।

(খ) রোমান্টিসিজম ও ক্লাসিসিজমের মধ্যে পার্থক্য নির্দেশ করো।

- (গ) রোমান্টিকতার বৈশিষ্ট্য আলোচনা করে এই আন্দোলনের সঙ্গে জড়িত পাশ্চাত্য লেখকদের রচনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে।
- (ঘ) পরাবাস্তববাদের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে।
- (ঙ) বাস্তববাদের লক্ষণগুলি উল্লেখ করে এবং ইউরোপীয় সাহিত্যে বাস্তববাদ (Realism) কীভাবে বিস্তার লাভ করেছে সেই সম্পর্কে আলোচনা করে।
- (চ) সাহিত্যতাত্ত্বিক লঞ্জাইনাসের অভিমতগুলি পর্যালোচনা করে।
- (ছ) সাহিত্য সমালোচনার ক্ষেত্রে ড্রাইডেনের ভূমিকা নিয়ে আলোচনা করে।
- (জ) ঐতিহাসিক সমালোচনা পদ্ধতির গুরুত্ব সম্পর্কে আলোচনা করে।

★ ★ ★